গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৫৬.০৪.০০০০.১০৪.৯৯.০০৪.২২ - ২৫৮০

তারিখ: ০৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

**বিষয়: সরকার ঘোষিত ১৮০ দিনের কর্মসূচীর আওতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় বিভিন্ন প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান এবং উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ কাজ সম্পন্নকরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় বিভিন্ন প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান এবং উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ কার্যক্রম বর্তমান গণতান্ত্রিক সরকারের নির্বাচনী ইশতিহারের সাথে শতভাগ সামঞ্জস্যপূর্ণ। এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে সরকার ঘোষিত সবার জন্য দ্রুত ও নির্ভরযোগ্য ইন্টারনেট সুবিধা প্রদান, বৈশ্বিক ইন্টারনেট সংযোগ ও অবকাঠামো নির্মাণ, ডিজিটাল দক্ষতা উন্নয়ন, ক্যারিয়ার পোর্টাল ও জব ম্যাচিং সেবা প্রদান, ফ্রিল্যান্সিং ও আউটসোর্সিং প্রশিক্ষণ প্রদান, উদ্ভাবন, স্টার্ট-আপ ও উদ্যোক্তাদের সহায়তা প্রদান, তথ্যপ্রযুক্তিতে নতুন শিল্প সৃষ্টিতে সহায়তা প্রদান করা। এই প্রকল্পটি সুষ্ঠুভাবে এবং দ্রুততম সময়ে বাস্তবায়ন করা হলে ইহার সুফল সরাসরি জিডিপি-তে অবদান রাখতে পারবে। সরকার ঘোষিত ১৮০ দিনের কর্মসূচীর আওতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় চলমান ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি এবং "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" নির্মাণ কার্যক্রম অগ্রাধিকার প্রাপ্ত কার্যক্রম হিসেবে বিবেচিত হয়েছে।

০২। সরকার ঘোষিত ১৮০ দিনের কর্মসূচীর আওতায় ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় আগামী আগস্ট ২০২৬ খ্রি. এর মধ্য ৩৬টি আইএসপি প্রতিষ্ঠানের মাধ্যমে দেশের ৩৫,০০০টি তালিকাভুক্ত সরকারি বেসরকারি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান এবং ১৫টি উপজেলা কমপ্লেক্স ভবনে "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" নির্মাণ কাজ সম্পন্নকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। গৃহীত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রকল্পের আওতায় ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান এবং উপজেলা কমপ্লেক্স ভবনে "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" নির্মাণ কাজ সুষ্ঠুভাবে আগামী আগস্ট ২০২৬ খ্রি. এর মধ্যে বাস্তবায়ন করার জন্য আপনাদের প্রয়োজনীয় সহযোগিতা প্রয়োজন।

০৩। বর্ণিতাবস্থায়, বর্তমান গণতান্ত্রিক সরকারের ১৮০ দিনের কর্মসূচীর অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)" (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প কর্তৃক ৩৫,০০০টি তালিকাভুক্ত সরকারি বেসরকারি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান এবং ১৫টি উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ কাজ সম্পন্নকরণের নিমিত্ত প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

১৯/৭/২০২৬
(মোহাম্মদ সাইফুল হাসান)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

বিতরণ: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
১। প্রোগ্রামার (সকল), জেলা আইসিটি কার্যালয়।
২। সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা আইসিটি কার্যালয়।

CS CamScanner

স্মারক নং- ৫৬.০৪.০০০০.১০৪.৯৯.০০৪.২২-/২৫৯১

তারিখ: ০৪ শ্রাবণ ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১। অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।

২। সিস্টেম ম্যানেজের, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।

৩। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা।

১৯.০৭.২০২৬

(তানজিনা ইসলাম)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প
ই-মেইল: tangina15167@gmail.com

CamScanner